আজকের কাগজ

তারিখ 30 NOV 1993

পৃষ্ঠা ৪ কলাম ৩

৭৭

## ডিগ্রী পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হোক

সম্প্রতি ডিগ্রী পাস বিএ, বিকম, বিএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার গড়ে ৪৫%। অর্থাৎ ৫৫% ছাত্র-ছাত্রী পরীক্ষায় অকৃতকার্য হয়েছে। অকৃতকার্য পরীক্ষার্থীগণ পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করবেন এটাই নিয়ম। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের মধ্যে সমন্বয়ের অভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অকৃতকার্য পরীক্ষার্থীগণ পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করা অনিশ্চিত হয়ে পড়েছে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য হচ্ছে- ১৯৯৩ সাল থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষা নিয়ন্ত্রণ করছে। ফলে অনুত্তীর্ণ পরীক্ষার্থীগণের পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা তাদের (জাতীয় বিশ্ববিদ্যালয়ের) ব্যাপার। অপরদিকে, জাতীয় বিশ্ববিদ্যালয় বলছে, আগামী এক মাস পরে ডিগ্রী পরীক্ষা শুরু হচ্ছে। এই এক মাসের মধ্যে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা তাদের পক্ষে অসম্ভব।

প্রশ্ন হচ্ছে, দু'বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ঠেলাঠেলির খেসারত কি ছাত্র-ছাত্রীরা দেবে? পরীক্ষার ফল প্রকাশ করতে বিলম্বের ব্যর্থতা নিশ্চয়ই ছাত্ররা বহন করবে না। তদুপরি এবার তাদেরকে পরীক্ষা দেয়ার সুযোগ না দেয়া হলে অনেকেরই হয়ত ডিগ্রী পাস করা সম্ভব হবে না। কারণ ১৯৯৫ সাল থেকে নতুন সিলেবাসের ভিত্তিতে ডিগ্রী পরীক্ষা হবে। তাহলে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ কি হবে?

অতএব, মানবিক কারণে অকৃতকার্য ডিগ্রী পরীক্ষার্থীদের আসন্ন ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

*এম এ ওয়াহাব*
*পাইকপাড়া, মিরপুর-১,*
*ঢাকা।*